

শ্রীশ্রীহরি সঙ্গীত

১৩৯ নং তাল-গড়খেমটা

হরিদাস খুঁজে পেলাম না ত্রিলোকে।

হরিদাস পরিচয় দেওয়া, মিছে লোকে ভুল বকে।।

- ১। ভক্তের অধীন, নাম ভক্তাধীন, বলে তাঁরে সব লোকে।
ও সে ভক্তের বোঝা বয়ে ফেরে, বিচারে দাস হবে কে।।
- ২। খুঁজে আগম নিগম, অনেক রকম, সাধন করে সাধকে।
তারা মেরে মজা, পাপের বোঝা, উঠাইয়া দেয় হরিকে।।
- ৩। ধ্রুব প্রহ্লাদ, হয়ে আহ্লাদ, হরিবলে পুলকে।
তাদের বিপদের ভার, হরি আমার, ধারণ করে মস্তকে।।
- ৪। অন্তরঙ্গ কি বহিরঙ্গ, ভুলোকে কি গোলোকে।
তারা সকলে হরিকে খাটায়, হরির খাটনি খাটে কে।।
- ৫। অশ্বিনী কয় দিন বয়ে যায়, জানাব কি তোমাকে।
এবার জেনে শুনে যাহা কর, তোমা বই আর আছে কে।।

১৪০ নং তাল-গড়খেমটা

আমার এক চাকর আছে ভাই,

মনের ভাব জেনে সে কার্য করে, হারে এমন নফর দেখি নাই।।

- ১। যখন যাহা বাঞ্ছা করি, পলকে না হ'তে দেবী,
অমনি দেয় সে, যোগাড় করি, হারে তার মান অভিমান নাই।।
- ২। যখনে ঘুমে থাকি, সে তখনে দেয় গো টোকি,
আমার সুখেতে সুখী, হারে তার আত্ম সুখ আর নাই।
আমার পিপাসার জল, ক্ষুধার অন্ন, মনে করিলে, অমনি পাই।।
- ৩। খাটানির বিরাম নাই মোটে সে পাটনী হ'য়ে পারের ঘাটে,
পার করে দেয় নিষ্কাপটে, হারে তার পারের মাশুল নাই।
আমার এই বাসনারাত্রি দিনে, মরি ল'য়ে তার বালি।।